



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৮৬.০০.০০০০.০৮৫.২৭.০০৭.২০-৫৯৬

তারিখ: $\frac{১০ \text{ অগ্রহায়ণ } ১৪২৭}{২৫ \text{ নভেম্বর } ২০২০}$

প্রজাপন

যেহেতু কাঞ্চাই উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মো: নাছির উদ্দিন বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-২, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর মামলা নং-বন-০৭/১৮(দৃ) ধারা: ১৯২৭ সনের বন আইন (২০০০ সনে সংশোধিত) এর ২৬(১) ক-খ, ও ঘ) ধারার অপরাধে গত ২৮/০১/২০২০ তারিখে দণ্ডপ্রাপ্ত হয়েছেন; এবং

যেহেতু উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(খ) ধারা লংঘিত হয়েছে;

সেহেতু সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, কাঞ্চাই উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মো: নাছির উদ্দিন ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডিত হওয়ার কারণে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক তাকে স্বীয় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হলো। গত ২৫/০৮/২০২০ তারিখের তার সাময়িক বরখাস্তের আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

২৫/১১/২০২০
(মোহাম্মদ সামিউল হক)

উপসচিব

ফোন: ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাঞ্চাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, কাঞ্চাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কাঞ্চাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ১২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাঞ্চাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।